UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

***Ref:*** ***Date***: *২৪ এপ্রিল ২০২৫*

প্রেস বিজ্ঞপ্তি

## কাউখালীর ‘জীবতলি মোন’ এলাকা থেকে শিক্ষার্থী ‘দিব্যি চাকমা’কে ছেড়ে দেয়ার তথ্য কাল্পনিক, মিথ্যা ও বানোয়াট: ইউপিডিএফ

রাষ্ট্রীয় বিশেষ মহলের পৃষ্ঠপোষিত কিছু মিডিয়ায় **“নিরাপত্তা বাহিনীর তৎপরতায় ইউপিডিএফ ৪ শিক্ষার্থীকে মুক্তি দিতে বাধ্য হলো”** শিরোনামে একটি খবর প্রকাশিত হয়েছে। উক্ত খবরে “রাঙামাটির কাউখালী উপজেলার জীবতলি মইন [মোন] এলাকায় ইউপিডিএফ নেতা উদয় চাকমার মাধ্যমে শিক্ষার্থী দিব্যি চাকমাকে তার পিতা ধনঞ্জয় চাকমার কাছে হস্তান্তর করা হয়” মর্মে যে রিপোর্ট প্রকাশ করা হয়েছে তা সম্পূর্ণ কাল্পনিক, মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন বলে জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ বৃহস্পতিবার (২৪ এপ্রিল ২০২৫) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে ইউপিডিএফের রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা বলেন, শুধুমাত্র জেএসএস সন্তু গ্রুপের ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের কাল্পনিক অভিযোগের ভিত্তিতে খাগড়াছড়িতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৫ শিক্ষার্থীকে কথিত অপহরণ ঘটনায় ইউপিডিএফকে জড়ানো উদ্দেশ্যপ্রণোদিত ও ষড়যন্ত্রমূলক। ইউপিডিএফ সংগঠক অংগ্য মারমা ইতিমধ্যে মিডিয়ায় বিবৃতি দিয়ে উক্ত কথিত অপহরণ ঘটনার সাথে ইউপিডিএফের জড়িত থাকার অভিযোগ দ্ব্যর্থহীনভাবে প্রত্যাখ্যান করেছেন। এরপরও কথিত ঘটনার সাথে ইউপিডিএফকে জড়িয়ে রাষ্ট্রীয় বিশেষ মহল ও জেএসএস সন্তু গ্রুপ যেভাবে হীনস্বার্থ চরিতার্থ করার অপচেষ্টা চালাচ্ছে তা অত্যন্ত নিন্দনীয়।

বিবৃতিতে তিনি বলেন, ‘কাউখালীর জীবতলি মোন এলাকা থেকে শিক্ষার্থী দিব্যি চাকমাকে ইউপিডিএফ নেতার মাধ্যমে তার পিতা ধনঞ্জয় চাকমার নিকট হস্তান্তর করার তথ্যটি সম্পূর্ণ কাল্পনিক, মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন। ইউপিডিএফ ৫ শিক্ষার্থীর কথিত অপহরণ কিংবা তাদের মুক্তির সাথে আদৌ সংশ্লিষ্ট নয়। ইউপিডিএফের রাজনৈতিক ভাবমূর্তি ক্ষুন্ন করতে এভাবে ষড়যন্ত্রমূলক কাল্পনিক তথ্য সাজিয়ে অপপ্রচার চালানো হচ্ছে।’

বিবৃতিতে তিনি রাষ্ট্রীয় বিশেষ মহলের সরবরাহকৃত মনগড়া মিথ্যা, বানোয়াট খবর প্রকাশ না করে সঠিক ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের জন্য সকল সংবাদ মাধ্যমের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।